



## শহীদ মিনারে শ্রদ্ধা জানাতে গিয়ে রুমিন ফারহানার পথে বিএনপি নেতাদের বাধা



সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য (স্বতন্ত্র) ব্যারিস্টার রুমিন ফারহানা শুক্রবার (২০ ফেব্রুয়ারি) রাত ১২টার দিকে সরাইল কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে গেলে স্থানীয় বিএনপি নেতাকর্মীদের বাধার মুখে পড়েন।

প্রত্যক্ষদর্শীরা জানান, তিনি পুষ্পস্তবক নিয়ে শহীদ বেদির কাছে দাঁড়িয়েছিলেন, তখন উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনের নেতৃত্বে নেতাকর্মীরা তার দিকে ‘ভুয়া’ স্লোগান দিতে শুরু করেন। উত্তেজনা বাড়ার পর কিছু নেতাকর্মী তার আনা পুষ্পস্তবক ছিঁড়ে ফেলেন। নিরাপত্তার কারণে রুমিন ফারহানা কর্মী-সমর্থকদের সঙ্গে শহীদ মিনার এলাকা ত্যাগ করেন।

ঘটনার প্রতিক্রিয়ায় রুমিন ফারহানার কর্মী-সমর্থকরা ঢাকা-সিলেট মহাসড়কের শাহবাজপুর প্রথম গেটে মহাসড়ক বন্ধ করে বিক্ষোভ দেখান। তারা এক ঘণ্টার বেশি সময় সড়ক অবরোধ রাখেন এবং আগুন জ্বালিয়ে ঘটনার বিচার দাবি করেন।

রুমিন ফারহানা অভিযোগ করেছেন, “শহীদ মিনারে শ্রদ্ধা জানানোর সময় বিএনপির কিছু নেতাকর্মী পূর্বপরিকল্পিতভাবে বাধা সৃষ্টি করেছে। দলীয় পদ ব্যবহার করে এমন হিংস্রতা গ্রহণযোগ্য নয়। উচ্চপর্যায়ে ব্যবস্থা নেওয়া না হলে দলের ভাবমূর্তি ও সরকারের ভাবমূর্তিও ক্ষতিগ্রস্ত হবে।”

পুলিশ সুপার শাহ মোহাম্মদ আব্দুর রউফ জানান, শহীদ মিনারে দুই পক্ষের মধ্যে ধাক্কাধাক্কি এবং স্লোগান দেওয়ার বিষয়ে অভিযোগ এসেছে। ভিডিও ফুটেজ যাচাই-বাছাই করা হচ্ছে, প্রয়োজন অনুযায়ী আইনি ব্যবস্থা নেওয়া হবে।